

পত্র নং-৩৩.০২.১০৮৫.৫০১.২৭.১৩১.১৮-১১৫

তারিখঃ ০৭ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
২২ আগস্ট ২০২১ খ্রি.

### কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা বগুড়া জেলার পোনা মাছ উৎপাদনকারী/নার্সারী মালিক/সরবরাহকারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২১ আর্থিক সালে শাজাহানপুর উপজেলার মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় ২০২১-২০২২ আর্থিক সালে অত্র উপজেলার নির্বাচিত অভ্যন্তরীণ জলাভূমি এবং বর্ষা প্রাপ্তি ধান ক্ষেত/প্লাবন ভূমি এবং প্রাতিষ্ঠানিক জলাশয়ে রুই জাতীয় মাছের জীবন্ত সুস্থ পোনা সরবরাহের নিমিত্তে সংযুক্ত শর্তাবলী মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কোটেশন/দরপত্র আহবান করা যাচ্ছে। কোটেশন সমূহ আগামী ০১/০৯/২০২১ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৩:৩০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে কোটেশন দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোটেশন সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে।

#### শর্তাবলীঃ

- ১। প্রকৃত পোনা উৎপাদনকারী /সরবরাহকারীগন এবং তালিকাভুক্ত নার্সারী মালিকগন কোটেশন দাখিল করতে পারবেন।
- ২। নির্বাচিত জলাভূমিতে রুই জাতীয় মাছের (রুই, কাতলা, মুগেল, কালিবাউস ও ঘনিয়া) ১০-১৫ সে.মি আকারের সুস্থ সবল পোনা সরবরাহ করতে হবে।
- ৩। পোনা সরবরাহকালে প্রজাতি ভিত্তিক পৃথক পৃথকভাবে অথবা গ্রহণযোগ্য প্রজাতির গুলি মিশ্রিতভাবে সরবরাহ করা যাবে।
- ৪। উদ্ধৃত মূল্য অংকে ও কথায় লিখতে হবে। প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে ট্রেড লাইসেন্সসহ আবেদন করতে হবে।
- ৫। প্রতি কেজি মাছের প্রজাতি ভিত্তিক দর ও গড়দর উল্লেখ করতে হবে।
- ৬। দরহার বাজার দরের সাথে সংগতিপূর্ণ হতে হবে।
- ৭। মরা, বিকলাংগ, অসুস্থ ও দুর্বল পোনা কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।
- ৮। উল্লেখিত আকারের চেয়ে ছোট আকারের পোনা গননায় ধরা হবে না।
- ৯। বেলা ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে পোনা গ্রহণ করা হবে। উল্লেখিত সময়ের আগে বা পরে পোনা গ্রহণ করা হবে না।
- ১০। পোনা সরবরাহের আগে সরবরাহ স্থানে কমপক্ষে ০১ ঘন্টা কন্ট্রোলিং করে পোনা টেকসই করতে হবে। পোনা সরবরাহের যাবতীয় খরচ সরবরাহকারীকে বহন করতে হবে।
- ১১। নির্দিষ্ট সময়ের মধ্যে পোনামাছ সরবরাহে ব্যর্থ হলে কাযাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ১২। কোটেশনের সাথে জামানত হিসেবে যে কোন সিডিউল ব্যাংক হতে উপজেলা মৎস্য কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পে-অডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- ১৩। কৃতকার্য কোটেশন দাতাকে কার্যাদেশে উল্লেখিত স্থানে নিজ খরচে পোনা মাছ সরবরাহ করতে হবে।
- ১৪। পোনা মাছ অবমুক্তির পূর্বে নমুনা পরীক্ষা করা হবে।
- ১৫। একই কোটেশন বিজ্ঞপ্তির পরবর্তীতে অতিরিক্ত বরাদ্দ প্রদত্ত হলে এই দরপত্রের গৃহীত দরহার প্রযোজ্য হবে।
- ১৬। কার্যাদেশ প্রদানের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে সকল পোনা সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ১৭। পোনা সরবরাহের পর তিন প্রস্থ বিল উপজেলা মৎস্য কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া বরাবরে দাখিল করতে হবে।
- ১৮। সরকারী নিয়মনুযায়ী নির্দিষ্ট পরিমাণ ভ্যাট ও আয়কর দাবীকৃত বিলের টাকা হতে কর্তন করা হবে।
- ১৯। কোন প্রকার আংশিক বিল প্রদান করা হবে না।
- ২০। কোটেশন দাতা সিলগালা করা খামের উপরি অংশে সুস্পষ্টভাবে 'কোটেশন' শব্দটি লিখে কোটেশন দাখিল করবেন।
- ২১। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন কোটেশন বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

স্বাঃ

(মোসাঃ আয়েশা খাতুন)  
উপজেলা মৎস্য কর্মকর্তা  
শাজাহানপুর, বগুড়া  
ফোন: ০৫১-৮২২৫৮

ইমেইল: ufoshajahanpur@fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.১০৮৫.৫০১.২৭.১৩১.১৮-১১৫/১(৭)

তারিখঃ ০৭ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
২২ আগস্ট ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া।
- ৫। নোটিশ বোর্ড ( উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা মৎস্য দপ্তর) শাজাহানপুর, বগুড়া।
- ৬। ওয়েব পোর্টাল ( উপজেলা মৎস্য দপ্তর, শাজাহানপুর, বগুড়া)।
- ৭। দপ্তর নথি।

উপজেলা মৎস্য কর্মকর্তা

শাজাহানপুর, বগুড়া